O/c DCRB

# FIRST INFORMATION REPORT

W.B.P.Form No. 27

663

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist Purba Medinipur Sub- Divn. Tamluk P.S. Tamluk Year 2017 FIR NO. 163/17 Date 03.04.17
2. i) Act IPC Section 448/341/i) Act 323/325/379/Sections 354/506/319 IPC
2. iii) Act ........ Section ........ iv) Other Act & Sections ........
3. a) General Diary Reference : Entry No. 152 dt 03.4.17 Time at 21:50 hrs
   b) Occurrence of Offence : Day Sunday Date 02.4.17 Time around 16:00 hrs
   c) Information received Date On 03.04.2017 Time at 21:50 hrs
   G.D. No. 152 dt 03.04.2017 at the Police Station :
4. Type of Information. Written / Oral
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 12 K.M. north West
   b) Address Hogalberia, Gr. No: 14, Anchal no. 4, Block - Sahid Matangini, PS Tamluk, Dist. Purba Medinipur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint /Informant :
   a) Name Sukumar Das
   b) Father's/Husband's Name Banghsi Das
   c) Date/Year of Birth ........
   d) Nationality Indian
   e) Address vill. Hogalberia, PS Tamluk, Dist. Purba Med
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (Attach separate sheet, if necessary) (1) Mohan Das s/o Sm Pati Das
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant (2) Delu Das s/o Mohan Das (3) Dulal Das S/O Madan Das (4) Sumanta Das S/O Madan Das (5) Ramita
9. Particular of properties stolen / involved : (Attach separate sheet, if required) : Das w/o Mohan Das (6) Sabita Das w/o Dulal Das, all of Hogalberia, PS Tamluk, Dist. Purba Medinipur
10. Total value of Properties stolen / involved : ........
11. Inquest report / U.D. : Case No. if any : ........
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written Complaint which is treated as FIR is attached herewith
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 448/341/323/325/379/354/506/319 IPC

register the case and took up the investigation/directed ASI Amitava Mandal, of Tamluk PS to take up the investigation transferred to P. S. ........ on point of jurisdiction FIR read over to the Complainant / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

সুকুমার দাস

Signature / Thumb Impression of the Complainant /Informant

3283
6.4.17

Signature of the O/C in-charge, Police Station with
Name S. Kalyan Chakr
Rank O/C Tamluk PS Officer-in-Charge
Number if any 03.04.17

Received on 03.04.17 ... hours and started Tamluk P.S. Case no. 163/17 dated 03.04.17 u/s 118/341/323/325/506/34 IPC

Officer-in-Charge
Tamluk Police Station

To,
*The Office in charge, Tamluk P.S.*
*Purba Medinipur.*

মহাশয়,

দরখাস্তকারী, সুকুমার দাস, পিতা - বংশী দাস, সাং - হোগলবেড়িয়া, পোঃ রামতারকহাট, থানা - তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর।

TAMLUK POLICE STATION PURBA MEDINIPUR

বিনীত নিবেদন এই যে,

গতকাল অর্থাৎ ইং ০২.০৪.২০১৭ তারিখ, সময় আনুমানিক বিকাল ৪টা নাগাদ প্রতিপক্ষগন পূর্ব আক্রোশ বশতঃ লোহার রড, কাঠের বাটাম, বাঁশের লাঠি প্রভৃতি লইয়া আমার বাড়ী চড়াও হইয়া আমার মাকে অকথ্য ভাষায় গালিগালাজ করিতে থাকে। এমতাবস্থা আমার মা প্রতিবাদ করিলে, ২ নং প্রতিপক্ষ বলিয়া ওঠে " শালির খুব বাড় বেড়েছে, একে প্রানে মেরে একে বারে শেষ করে দে" এই রূপ বলা মাত্রই ১ নং প্রতিপক্ষ তাহার হাতে থাকা কাঠের বাটাম দ্বারা আমার মাকে প্রানে মারিবার উদ্দেশ্যে তাহার মাথা লক্ষ করিয়া সজোরে আঘাত করিতে আসিলে আমার মা কোনক্রমে ডান হাত দিয়া মাথা বাঁচাইবার চেষ্টা করিলে,কাঠের বাটামের আঘাতে মায়ের ডান হাত ভাঙ্গিয়া যায়। এমতাবস্থায় মায়ের কাতর আর্তনাদে আমি ও আমার দাদা মিলন দাস প্রতিপক্ষগনের কবল হইতে আমার মাকে বাঁচাইবার চেষ্টা করিলে২ নং প্রতিপক্ষ কাঠের বাঠাম দিয়া আমার দাদা মিলন দাসকে প্রানে মারিবার উদ্দেশ্যে তাহার মাথা লক্ষ্য করিয়া আঘাত করিবার চেষ্টা করিলে, আমার দাদা কোনক্রমে বাম হাত দিয়া আটকাইলে কাঠের বাটামের আঘাতে আমার দাদার বাম হাত রক্তাক্ত জখম হয় এবং অন্যান্য প্রতিপক্ষগন আমাকে যে যাহার মত কিল,চড়, ঘুসি, লাথি মারিতে থাকে। এমতাবস্থায় আমাদের চিৎকারে প্রতিবেশী লোকজন উপস্থিত হইয়া উক্ত ঘটনার প্রতিবাদ করিলে প্রতিপক্ষগন ঘটনার স্থল পরিত্যাগ কালীন প্রাননাশের হুমকি দেখাইয়া ঘটনা স্থল পরিত্যাগ করে।

উক্তরূপ মারের ফলে আমার মায়ের ডান হাত ভাঙ্গিয়া যায় , ফুলিয়া যায় ও যন্ত্রনায় ছটপট করিতে থাকে এবং আমার দাদা মিলন দাসের বাম হাতে রক্তাক্ত কাটা জখম হয় এবং আঙ্গুল ফুলিয়া যায় ও প্রচন্ড যন্ত্রনা অনুভব করে। অতঃপর বাড়ীর অন্যান্যদের সহযোগীতায় আমার মা ও দাদাকে স্থানীয় জানুবসান ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয় তথায় ডাক্তার বাবু আমার দাদার জখম পরীক্ষা করতঃ প্রয়োজনীয় চিকিৎসা করেন এবং মায়ের হাতের জখম পরীক্ষা করিয়া হাত ভাঙ্গিয়া যাওয়ার কারনে

পরপৃষ্ঠায় ....

তমলুক জেলা সদর হাসপাতালে প্রেরন করেন। তথায় আমার মা indoor patient হিসাবে ভর্ত্তি রহিয়াছে এবং কাতর আর্তনাৎ করিতেছে। প্রতিবেশীলোকজন যথা সময়ে উপস্থিত হইয়া ঘটনার প্রতিবাদ না করিলে আমার দাদা ও মা প্রানে মারা যাইত।

আমার মা হাসপাতালে ভর্ত্তি থাকার কারনে তাহার চিকিৎসার কার্য্যে আমার বাবা ও দাদারা ব্যস্ত থাকায়, সেই সুযোগে অদ্য ইং ০৩.০৪.২০১৭ তারিখ সকাল ৫টা নাগাদ আমাকে বাড়ীতে পাইয়া সমূহ প্রতিপক্ষগন আমাকে লাঠি, কাঠের বাটাম, প্রভৃত্তি দিয়া যে যাহার মত আঘাত করিতে থাকে। এমতাবস্থায় আমার মেজবৌদি সুস্মিতা দাস আমাকে বাঁচাইতে আসিলে মহিলা প্রতিপক্ষগন তাহার দুই হাত পিছন দিকে মুড়িয়া জব্দ করিয়া ধরিয়া রাখে ও ২ নাগাদ ৪ নং প্রতিপক্ষগন জোর জবরণে আমার বৌদির পরনের কাপড় চোপড় ছিড়িয়া দিয়া তাহার সহিত অশ্লীল আচরন করে। তৎসহ আমার মেজ বৌদির গলায় থাকা একটি রূপার হার ৬ নং প্রতিপক্ষ সবিতা দাস অন্যান্য প্রতিপক্ষগনের সহযোগিতায় ছিনাইয়া লয়। এমতাবস্থায় আমাদের আর্তচিৎকারে প্রতিবেশী লোকজন উপস্থিত হইয়া ঘটনার প্রতিবাদ করিলে, প্রতিপক্ষগন ঘটনাস্থল পরিত্যাগ করে। উক্তরূপ মারের ফলে আমার শরীরের বিভিন্ন জায়গায় ব্যাথা বেদনা ও রক্তাক্ত কাটা জখম হয় এবং প্রচন্ড যন্ত্রনা অনুভব করি। ঘটনার অব্যবহিত পরে আমাকে চিকিৎসার জন্য স্থানীয় জানুবসান ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে লইয়া যাওয়া হয়। তথায় ডাক্তার বাবু আমার জখম পরীক্ষা করতঃ প্রয়োজনীয় চিকিৎসা করেন। আমি বর্তমানে অসুস্থ অবস্থায় রহিয়াছি।

অপহৃত রূপোর হারের মূল্য ১২০০্ টাকা হইবে এবং শাড়ী ছিড়িয়া দেওয়ার ফলে ক্ষতির পরিমান ৪৫০্ টাকা হইবে।

প্রার্থনা এই যে, অত্র দরখাস্ত দৃষ্টে সন্তুষ্ট হইয়া প্রতিপক্ষগন ব্যাক্তিগন যাহাতে উপযুক্ত শাস্তি পায় তাহার সুব্যবস্থা করিতে আজ্ঞা হয়।

তারিখ - ০৩.০৪.২০১৭

নিবেদন ইতি -

সুকুমার দাস
7872805128

**প্রতিপক্ষগনের নাম ও ঠিকানা :-**

১। মোহন দাস, পিতা - শ্রীপতি দাস
২। দেবু দাস, পিতা - মোহন দাস
৩। দুলাল দাস, পিতা - মদন দাস
৪। শ্রীমন্ত দাস, পিতা - মদন দাস
৫। নমিতা দাস, স্বামী - মোহন দাস
৬। সবিতা দাস, স্বামী - দুলাল দাস

সর্ব্ব সাং - হোগলবেড়িয়া, পোঃ- রামতারকহাট
থানা - তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর।